

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

নং-পম/গবেষণা/বিআইআইএসএস/ভিজিট-০১(অংশ-১)/২০১৬/২৪৫

তারিখঃ ৩০ নভেম্বর ২০১৭

প্রেরকঃ সিনিয়র সহকারী সচিব (গবেষণা)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ মহাপরিচালক
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)
১/৪৬ পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি-এর অনুকূলে আগামী ০২-০৩ ডিসেম্বর ২০১৭ তারিখে শ্রীলংকায় অনুষ্ঠিতব্য Planning Conference -এ যোগদানের জন্য সরকারি অনুমোদন।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি-এর অনুকূলে তার স্ত্রী মিসেস সায়ালা শারমীন এবং কন্যা আসিয়া রহমান সহ আগামী ০২-০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ শ্রীলংকায় Consortium of South Asian Think-Tanks (COSATT)-এর উদ্যোগে এবং Konrad Adenauer Stiftung (KAS)-এর সহযোগিতায় অনুষ্ঠিতব্য Planning Conference-এ যোগদানের জন্য সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। সফরের শর্তাবলী নিম্নরূপঃ


ক) সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) উক্ত কনফারেন্সে যোগদানের জন্য তিনি আগামী ০১ ডিসেম্বর ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে শ্রীলংকা-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং কনফারেন্স শেষে আগামী ০৪ ডিসেম্বর ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করবেন।

গ) উল্লিখিত কনফারেন্সে যোগদানের জন্য আয়োজনকারী কর্তৃপক্ষ BISS-এর মহাপরিচালক-এর অনুকূলে ভ্রমণ এবং আবাসনের ব্যয়ভার বহন করবে। এছাড়াও ভ্রমণ সংক্রান্ত বিধি মোতাবেক বর্ণিত কর্মকর্তা বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ, ট্রানজিট ভাতা ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন যা BISS-এর বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা হবে। মহাপরিচালক তার স্ত্রী ও কন্যার ভ্রমণ ব্যয়ভার ব্যক্তিগতভাবে নিজে বহন করবেন এবং এতে বিআইআইএসএস-এর কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


আপনার একান্ত,


(মঞ্জু মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)
ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ০৪। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৫। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৬। উপ-পরিচালক (প্রশাসন), বিআইআইএসএস, ঢাকা।
- ০৭। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। অফিস কপি।


(মঞ্জু মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)